

## সারাদেশ ৭

### কারিগরি প্রশিক্ষণ নিয়ে ছাত্রীরা স্বাবলম্বী হচ্ছে

■ পৌরনদী (বরিশাল) সংবাদদাতা  
 শুভা মিত্রি এখন দশম শ্রেণির ছাত্রী। মাত্র দু'বছরের প্রশিক্ষণে সে এখন সুদক্ষ মেকানিক্যাল মিত্রি। গ্রামের ইঞ্জিনচালিত ছোট বড় মেশিনের যে কোন সমস্যা কাজের মাধ্যমে সমাধান করে আর্থিকভাবে লাভবানের পাশাপাশি এখন সে এলাকায় ব্যাপক পরিচিতি লাভ করেছে। অগৈলঝাড়া উপজেলার বাকাল গ্রামের জেমস য়োশেব মিত্রির মেয়ে শুভা।  
 একই ক্লাশের ছাত্রী শুভা বাউ, শুভা বল্লভ সুনিপুণ ইলেকট্রিক্যাল মিত্রি হিসেবে এলাকায় বেশ সুনাম কুড়িয়েছে। সম্পূর্ণ-বিনা বেতনে মাত্র এক বছরের প্রশিক্ষণ নিয়ে পোশাক তৈরির প্রায় সকল কাজ আয়ত্ত করে এখন কারিগর হিসেবে আত্মপ্রকাশ করেছে দশম শ্রেণির ছাত্রী বর্না হালদার, শ্যামা হালদার, লাকি বালা, নবম শ্রেণির ছাত্রী মিতু রায়, শিরিন

আজর, পপি রায়সহ ৩০জন ছাত্রী।  
 শিক্ষার্থীদের পড়াওনার পাশাপাশি কর্মসংস্থানের (টেকনিক্যাল) প্রশিক্ষণের জন্য অগৈলঝাড়ার রাজিহারের ফেছাসেবী এনজিও আলো শিখায় ২০১০ সালে প্রতিষ্ঠা করা হয় এসএসসি ভোকেশনাল ট্রেনিং সেন্টার। পরবর্তীতে সম্পূর্ণ বিনাবেতনের এ প্রতিষ্ঠানটি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমতি পায়।  
 সেন্টারের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অতুল চন্দ্র বালা জানান, অষ্টম শ্রেণি পাস শিক্ষার্থীদের ভর্তির মাধ্যমে নবম ও দশম শ্রেণির শিক্ষার্থীদের জন্য সেন্টারে বর্তমানে চারটি ট্রেডে ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, ড্রেসমেকিং এবং ওয়েলডিং ট্রেডে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। ইতোমধ্যে দুটি ব্যাচের শিক্ষার্থীরা প্রশিক্ষণ নিয়ে কর্মসংস্থানের সুযোগ খুঁজে পেয়েছে।